



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



মুজিব  
শতাব্দী

স্মারক নং-৪৬.০০.৮৫০০.০১৭.২৭.০০৩.২০২০ ৮৬

তারিখ: ০৮ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ।  
২৩ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ।

### প্রাঞ্জাপন

যেহেতু, রংপুর জেলার বদরগঞ্জ উপজেলার ১০নং মধুপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: আয়নাল হক এর বিবৃক্তে বিশ্বাসভঙ্গ, প্রতারণামূলক ও ভয়ভীতি প্রদর্শন করে ১,৬৩,০০০০০/- (এক কোটি তেষ্টি লক্ষ) টাকা আস্তাতের এর অভিযোগে বদরগঞ্জ থানায় ৪০৬/৮২০/৫০৬ ধারায় দায়েরকৃত জি আর মামলা নং-৮০/২১, তারিখ: ১২/০৫/২০১ এ গ্রেফতার হয়ে জেল হাজতে রয়েছেন এবং জেলা প্রশাসক, রংপুর বর্ণিত ইউপি চেয়ারম্যানের বিবৃক্তে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, রংপুর জেলার বদরগঞ্জ উপজেলার ১০নং মধুপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: আয়নাল হক এর বিবৃক্তে বিশ্বাসভঙ্গ, প্রতারণামূলক ও ভয়ভীতি প্রদর্শন করে ১,৬৩,০০০০০/- (এক কোটি তেষ্টি লক্ষ) টাকা আস্তাতের এর অভিযোগে বদরগঞ্জ থানায় ৪০৬/৮২০/৫০৬ ধারায় দায়েরকৃত জি আর মামলা নং-৮০/২১, তারিখ: ১২/০৫/২০১ এ গ্রেফতার হয়ে জেল হাজতে থাকায় তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, রংপুর জেলার বদরগঞ্জ উপজেলার ১০নং মধুপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: আয়নাল হক কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪) (খ) ও (ঘ) অপরাধ সংঘটিত করায় ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি চেয়ারম্যানকে তাঁর স্বীয় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

(মো: আবুজাফর রিপন পিএএ)

উপসচিব

ফোন: ০২২২৩৩৫৩০৯৮

ইমেইল: Up1lgd@gmail.com

তারিখ: ০৮ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ।  
২৩ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ।

### বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, রংপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বদরগঞ্জ, রংপুর।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মো: আয়নাল হক, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), ১০নং মধুপুর ইউনিয়ন পরিষদ, বদরগঞ্জ, রংপুর।

### অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মো: আবুজাফর রিপন পিএএ)

উপসচিব